

## মুখবন্ধ

মো: আবদুল্লাহ আল হাসান চৌধুরী

মহাপরিচালক

বিয়াম ফাউন্ডেশন

ও

সদস্য - সচিব, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড

বিয়াম ফাউন্ডেশন কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত বিভিন্ন কার্যক্রম ও সম্পাদিত কর্মকাণ্ড, প্রদত্ত বিভিন্ন সেবাসমূহ, অবকাঠামোসহ উল্লেখযোগ্য নানাবিধ তথ্যাদি সন্নিবেশিত করে বরাবরের মত এ বার্ষিক প্রতিবেদনটি প্রকাশ করা হল। বিয়াম ফাউন্ডেশনের কর্মতৎপরতা, বিভিন্ন বিষয়ে প্রতিষ্ঠানটির পালিত ভূমিকা ও চালচিত্র অনুধাবনে এ প্রকাশনাটি উৎসাহীজনকে সম্যক একটি ধারণা প্রদান করতে সক্ষম হবে মর্মে আমার বিশ্বাস।

২০২০ সালকে আমাদের দেশে মুজববর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। যার স্মরণীয় নেতৃত্বে আর মহান আত্মত্যাগের মাধ্যমে আমরা স্বাধীনতা অর্জন করেছি, বাঙালি জাতির সেই অবিসংবাদিত নেতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি জানাই গভীর শ্রদ্ধা। এদেশের প্রতি তাঁর অসামান্য ও অনন্য অবদানের পরিচিতি বিয়ামের ক্ষুদ্র পরিসরে হলেও এ প্রতিষ্ঠানে অভ্যাগতগণের মাঝে যথাসম্ভব তুলে ধরার প্রয়াসে এ মুজিববর্ষে স্থাপন করা হয়েছে বঙ্গবন্ধু কর্নার, যেখানে বঙ্গবন্ধুর স্মৃতিবিজরিত বিভিন্ন আলোকচিত্রসহ তাঁর বিষয়ে রচিত কিছু গ্রন্থের সংগ্রহ রয়েছে। এ বছর মহানবিজয় দিবস উদযাপনের যে মাহেন্দ্রক্ষণে এটির শুভ উদ্বোধন করা হয়েছে।

বিয়াম ফাউন্ডেশন বাংলাদেশ সিভিল সার্ভিস অ্যাডমিনিস্ট্রেশন ক্যাডারের কর্মকর্তাগণের একটি প্রতিষ্ঠান। সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত মানোন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য এটি বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে এবং পাশাপাশি নিজস্ব উদ্যোগে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনা করে থাকে। করোনা ভাইরাসের প্রকোপ বৈশ্বিক মহামারী বিরাজমান থাকায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক এবং প্রয়োজ্যমত সামাজিক দূরত্ব বজায় রেখে করোনাকালীন সময়ে সীমিত পরিসরে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের “বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স” ও বিভিন্ন প্রত্যাক্ষী সংস্থার কর্মকর্তাদের জন্য “বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স” পরিচালনা করা হয়েছে।

এ ছাড়াও, মেধাবী জাতি গঠনের লক্ষ্যে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার প্রয়াসে স্থানীয় প্রশাসনের সহায়তায় সম্মানিত জেলা প্রশাসকগণের নেতৃত্বে এ প্রতিষ্ঠানসমগ্র দেশে জেলা ও উপজেলা পর্যায়ে ইংরেজী ও বাংলা মাধ্যমে ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করে চলছে এবং এ সংখ্যা সময়ের সাথে সাথে ক্রমবর্ধমান।

বিয়াম ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম পুরো দেশব্যাপী কার্যকরভাবে পরিচালনার জন্য কক্সবাজার ও বগুড়ায় দু’টি আঞ্চলিক কেন্দ্রও বিদ্যমান এবং সমান তৎপরতায় ভূমিকা পালনরত। সার্বিকভাবে, একটি স্বোপার্জিত প্রতিষ্ঠান হিসেবে বিয়ামের কার্যপরিধি ও অবদানের ক্ষেত্র উত্তরোত্তর আরো প্রসারিত হোক এবং তার নানামুখী কর্মতৎপরতা বজায় রাখার মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় অধিকতর কার্যকর দক্ষমানবসম্পদ গঠনের তার এ অভিযাত্রা অব্যাহত রাখুক এই শুভকামনা ব্যক্ত করি ও পরিশেষে এই প্রতিবেদনটি প্রকাশনার ক্ষেত্রে যারা বিভিন্নভাবে যার যার অবস্থান থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের মাধ্যমে আমাদের এ প্রয়াসটিকে সাফল্যমন্ডিত করে তুলতে ভূমিকা গ্রহণ করছেন, তাঁদের সবাইকে বিয়াম ফাউন্ডেশনের পক্ষ থেকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানাই।

মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী